50

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 AUG 1997
পৃষ্ঠা ১২ কলাম ৫

# বগুড়া বিশ্ববিদ্যালয় কলেজে এইচএসসি স্তরে ভর্তি বন্ধের সিদ্ধান্ত

বগুড়া অফিস ॥ চলতি বছরে বগুড়া সরকারী আজিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজে উচ্চ মাধ্যমিক স্তরে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

১৯৯৪ সালের এক প্রজ্ঞাপনের নির্দেশ এবং জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বর্তমান নির্দেশ মোতাবেক এইচএসসি স্তরে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলিয়া কলেজ সূত্রে জানা গিয়াছে। এই সিদ্ধান্তের ফলে জেলার অধিকাংশ ছাত্র-ছাত্রী বগুড়ায় ভাল কলেজে পড়াশুনার পথ রুদ্ধ হইয়া পড়িবে। শহরের সরকারী শাহসুলতান কলেজ, সরকারী মজিবর রহমান মহিলা কলেজ এবং বগুড়া ক্যান্ট পাবলিক কলেজে ভর্তি হইবার জন্য সকলেই আবেদন করিবে এবং এই কলেজগুলিতে প্রচণ্ড চাপ পড়িবে। স্থানীয় সরকারী আমিনুল হক বিশ্ববিদ্যালয় কলেজে ১৭টি বিষয়ে অনার্স ও ১৪টি বিষয়ে মাষ্টার্স কোর্স চালু করা হইয়াছে। ১৪টি বিষয়ে মাষ্টার্স খোলা হইলেও বর্তমানে ৮৭ জন শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। জানা গিয়াছে, এখনও অনেক পদ সৃষ্টি করা হয় নাই। ফলে অনার্স কোর্সের ষ্টাফ প্যাটার্ণ লইয়াই মাষ্টারস কোর্স করা হইতেছে। ইহা ছাড়াও এই কলেজটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি লাভ করে নাই। এই কলেজে এ বছর এইচএসসি স্তরে ভর্তি না করার সিদ্ধান্তে স্থানীয় রাজনৈতিক ও অভিভাবক মহল উদ্বেগ প্রকাশ করিয়াছেন। আজিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদ এইচএসসি ক্লাসে ছাত্র-ছাত্রী ভর্তির ব্যবস্থা গ্রহণের দাবী জানাইয়াছে। অন্যথায় তাহারা আন্দোলনের কর্মসূচী ঘোষণা করিবে বলিয়া জানান হইয়াছে।